# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 11-03-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভুয়ো ভোটার কার্ড নিয়ে তৃণমূল কংগ্রেসের ১০ সদস্যের প্রতিনিধি দল আজ নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হচ্ছে।

অন্যদিকে, রাজ্যে শাসক দলের বিরুদ্ধে তালিকায় ভুয়ো ভোটার অন্তর্ভুক্ত করার অভিযোগে নির্বাচন কমিশনে যাচ্ছে বিজেপি।

২) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের দ্বিতীয় দিনে আজ বিভিন্ন দফতরের জন্য আগামী বছরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা শুরু হবে।

৩) বিরোধী দলনেতা ও বিজেপি-র মুখ্য সচেতককে সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল আজ থেকে বিধানসভার বাইরে প্রতিদিন ২ ঘণ্টা করে ধর্ণা দেবে।

৪) কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্পে বরাদ্দ বন্ধ করে দেওয়ায় রাজ্যের বাজেট পরিকল্পনা বিঘ্নিত হচ্ছে বলে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য অভিযোগ করেছেন।

৫) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা কাটাতে দফায় দফায় বৈঠক করেছেন কর্তৃপক্ষ ও আন্দোলনরত পড়ুয়ারা।

৬) আই এস এল ফুটবলে মহামেডান স্পোর্টিং ও পাঞ্জাব এফ সি –র মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে।

oooooooooooooooooooooo

ভোটার তালিকার ভুয়ো ভোটারদের অন্তর্ভুক্তি, একই নম্বরের একাধিক ভোটার কার্ড থাকা প্রভৃতি বিষয় নিয়ে তৃণমুল কংগ্রেস আজ নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হচ্ছে। ১০ সদস্যের প্রতিনিধি দল বিকেলে কমিশনের ‘ফুল বেঞ্চের’ সঙ্গে সাক্ষাৎ করবেন বলে খবর। এপিক কার্ড ইস্যুতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে দেখা করে তাঁর হাতে স্মারকলিপিও তুলে দেবেন তাঁরা। এই প্রতিনিধি দলে থাকবেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও ব্রায়ান, ডেপুটি লিডার সাগরিকা ঘোষ, লোকসভায় দলের মুখ্য সচেতক কল্যাণ বন্দ্যোপাধ্যায়, বর্ষীয়ান সাংসদ কাকলি ঘোষ দস্তিদার, কীর্তি আজাদ সহ অন্যরা।

এদিকে, সংসদে গতকাল বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বে লোকসভায় তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, ভুয়ো ভোটার ইস্যুতে নির্বাচন কমিশনের বিরুদ্ধে সরব হন। তাঁর অভিযোগ, গত কয়েক বছরে কোনো নির্বাচনই স্বচ্ছ ভাবে হয়নি। একই এপিক নম্বরে একাধিক ভোটারের নাম থাকা নিয়ে নির্বাচন কমিশন যে ব্যাখ্যা দিয়েছে তা নির্বাচনী বিধির ২০ নম্বর ধারার পরিপন্থী বলে তাঁর দাবি।

(বাইট-কল্যাণ )

জিরো আওয়ারে ভুয়ো ভোটার ইস্যুতে সোচ্চার হন তৃণমূল কংগ্রেস সাংসদ সৌগত রায়ও। সম্পূর্ণ ভোটার তালিকা নতুন করে পর্যালোচনার দাবি জানান তিনি।

উল্লেখ্য, ভুয়ো ভোটার নিয়ে রাজ্য জুড়ে শোরগোলের মধ্যেই নির্বাচন কমিশন, বিজ্ঞপ্তি দিয়ে জানায়, একই এপিক নম্বরে একাধিক নাম থাকার অর্থ তা ভুয়ো এমন নয়। অভিন্ন এপিক নম্বর থাকলেও ভোটারদের ব্যক্তিগত তথ্য, ভোটকেন্দ্র, বিধানসভা কেন্দ্র ইত্যাদি আলাদা। তবে ভবিষ্যতে সব ভোটারকে ইউনিক এপিক নম্বর দেওয়া হবে। আগামী তিন মাসের মধ্যে এসংক্রান্ত সমস্যার সমাধান হবে বলে কমিশনের তরফে জানানো হয়।

এদিকে, বিজেপির রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস চক্রান্ত করেই তালিকায় ভুয়ো ভোটার অন্তরভূক্ত করেছে। এবিষয়ে বিজেপি প্রতিনিধি দল আজ নির্বাচনের কমিশনের দ্বারস্থ হবেন বলে তিনি জানান।

(বাইট-শমীক )

oooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের দ্বিতীয় দিনে আজ বিভিন্ন দফতরের জন্য আগামী আর্থিক বছরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা শুরু হবে। আজ শ্রম দফতর, আগামীকাল বিদ্যুৎ এবং বৃহস্পতিবার পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দফতরের বাজেট প্রস্তাবের ওপর আলোচনা চলবে।

এদিকে, বিরোধীদের কন্ঠ রোধের অভিযোগকে কেন্দ্র করে গতকাল রাজ্য বিধানসভার অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে। অধিবেশনের দ্বিতীয়ার্ধে রাজ্য সরকারের বিজ্ঞাপন নীতি নিয়ে প্রশ্ন তোলেন খড়্গাপুরের বিজেপি বিধায়ক হিরণ চট্টোপাধ্যায়। অধ্যক্ষের সঙ্গে তাঁর বচসা বাধে। সেইসময় তাঁর মাইক বন্ধ করে দেওয়া হয় বলে অভিযোগ তুলে স্লোগান দিতে শুরু করেন বিজেপি বিধায়করা। অধ্যক্ষের বারবার অনুরোধ সত্ত্বেও পরিস্থিতি একইরকম থাকায় মার্শাল ডেকে বিরোধী পক্ষের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ এবং মনোজ ওঁরাওকে সভা বের করে দেন অধ্যক্ষ। সভার কার্য বিবরণী ছেঁড়ার দায়ে অধিবেশনের বাকি সময়ের জন্য ফালাকাটার বিজেপি বিধায়ক দীপক বর্মনকে সাসপেন্ড করা হয়। প্রতিবাদে বাকি বিজেপি বিধায়করা সভা থেকে ওয়াক আউট করে বাইরে বিক্ষোভ দেখান।

এর আগে বাজেট অধিবেশনের প্রথম পর্বে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে সাসপেন্ড করেছিলেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়।

oooooooooooooooooooooo

অন্যদিকে, বিরোধী দলনেতা ও দলের মুখ্য সচেতককে সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল আজ থেকে বিধানসভার বাইরে বিক্ষোভ দেখাবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, বিধানসভার প্রবেশ পথে প্রতিদিন দুপুর ১টা থেকে তিনটে পর্যন্ত ধর্না দেওয়া হবে। পাশাপাশি অধ্যক্ষের বিরুদ্ধে অগণতান্ত্রিক আচরণ এবং কণ্ঠরোধের চেষ্টার অভিযোগে ১৯ তারিখ বারুইপুরে বিজেপি বিধায়করা পথে নেমে বিক্ষোভ দেখাবেন। বিরোধী দলনেতা ও মুখ্য সচেতককে সাসপেন্ড করার কারণে অধ্যক্ষের কাছে পরিষদীয় দলের বক্তাদের নামের তালিকা জমা দেওয়া সম্ভব নয়। তবে বাকি বিধায়করা রাজ্যের বিভিন্ন জায়গায় মন্দিরে আক্রমণ, হিন্দু দেবদেবীর মূর্তি ভাঙচুরের ঘটনায় আজ মুখ্যমন্ত্রীর বিবৃতির দাবী জানাবেন এবং মুলতবী প্রস্তাব আনবেন।

আগামীকাল যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অশান্তি ও বিধায়কদের সাসপেনশনের প্রতিবাদে মুলতবী প্রস্তাব আনবেন তাঁরা।

বিরোধী দলনেতা আরও বলেন, অধ্যক্ষ, শাসকদলের নির্দেশে কাজ করছেন। দীপক বর্মনের সঙ্গে যা হয়েছে তা অন্যায়।

(বাইট- শুভেন্দু)

এদিকে, বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় বলেছেন, বিধানসভার মর্যাদা রক্ষা প্রত্যেকের অবশ্য কর্তব্য।

(বাইট-অধ্যক্ষ)

oooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার একের পর এক প্রকল্পে বরাদ্দ বন্ধ বা ছাঁটাই করে দেওয়ার কারণে রাজ্যের বাজেট পরিকল্পনা বিঘ্নিত হচ্ছে বলে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য অভিযোগ করেছেন। বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের প্রথম দিনে গতকাল

পরিসংখ্যান দিয়ে একথা জানান তিনি। এদিন বিধানসভায় অতিরিক্ত ব্যয় মঞ্জুরি প্রস্তাব নিয়ে আলোচনার শেষে জবাবী ভাষণে তিনি জানান, চলতি আর্থিক বছরে ২০ হাজার ৯৩২ কোটি টাকা বাজেটের অতিরিক্ত ব্যয় করতে হয়েছে। কেন্দ্রের বঞ্চনাকেই তিনি এর জন্য দায়ী করেন।

এর আগে বিজেপি বিধায়ক ও অর্থনীতিবিদ অশোক লাহিড়ী অতিরিক্ত বরাদ্দ নিয়ে সরকারের সমালোচনা করেন। তিনি বলেন, বিভিন্ন দফতরে এত বিপুল পরিমাণ বাড়তি খরচ হল কেন, সরকারের তার কারণ জানানো উচিত। এর জবাবে পাল্টা অর্থমন্ত্রী অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্পের টাকা আটকে রাখায় রাজ্যকে তা দিতে হচ্ছে। সেই কারণেই বাড়তি খরচ হচ্ছে। খাদ্য নিরাপত্তা খাতে ঠিকমতো টাকা দিচ্ছে না কেন্দ্রীয় সরকার। বিপর্যয় মোকাবিলা খাতেও টাকা দিতে কেন্দ্র গড়িমসি করেছে। আলোচনা শেষে অতিরিক্ত ব্যয়মঞ্জুরী প্রস্তাব বিধানসভায় গৃহীত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

নবান্নে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ও ভাঙড়ের বিধায়ক, আইএসএফ নেতা নওসাদ সিদ্দিকির বৈঠককে কেন্দ্র করে রাজ্য রাজনীতিতে জল্পনা তৈরি হয়েছে। গতকাল রাজ্য সচিবালয় নবান্নে গিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে দীর্ঘ বৈঠক করেন নওশাদ। প্রায় ২৫ মিনিটের এই বৈঠকে রাজনৈতিক বোঝাপড়া নয়, ভাঙড়ের বিষয় নিয়েই তাঁদের কথা হয়েছে বলে নওশাদ জানিয়েছেন। তাঁর অভিযোগ, বিধায়ক তহবিলের টাকা স্থানীয় পঞ্চায়েত সমিতি খরচ করছে না। এতে সাধারণ মানুষেরই ক্ষতি হচ্ছে। এবিষয়ে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছেন তিনি। মুখ্যমন্ত্রী তাঁকে সমস্যা সমাধানের ব্যাপারে আশ্বস্ত করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অচলাবস্থা কাটাতে গতকাল বিকেল থেকে দফায় দফায় কর্তৃপক্ষ ও আন্দোলনরত পড়ুয়াদের মধ্যে বৈঠক হয়। সূত্রের খবর বৈঠকে

পড়ুয়ারা একাধিক বিষয় নিয়ে সরব হয়। ছাত্র সংসদ নির্বাচন নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রাজ্য সরকারের সঙ্গে কথা বলবে বলে আশ্বাস দিয়েছে। গত পয়লা মার্চের অশান্তির সময় যারা আহত হয়েছেন, তাদের চিকিৎসার ব্যয় ভার বিশ্ববিদ্যালয় বহন করবে বলে জানা গেছে। তদন্তের নামে পড়য়াদের পুলিশী হেনস্থা বন্ধের দাবি জানান, বৈঠকে উপস্থিত ছাত্র সংগঠনের প্রতিনিধিরা। পুলিশের প্রবেশ নিয়েও এদিনের বৈঠকে ছাত্র-ছাত্রীরা সরব হন বলে জানা গেছে।

উল্লেখ্য, গতকাল সকাল থেকেই ক্যাম্পাসে পুলিশ থাকা নিয়ে আপত্তি জানান এস এফ আই সমর্থকরা। অশান্তির ঘটনার ৯ দিনের মাথায় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক, ওয়েব কুপার সদস্য ওমপ্রকাশ মিশ্র বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করলে, তাঁকে ঘিরে বিক্ষোভ দেখান তারা।

পরে ওম প্রকাশ মিশ্র বলেন, ছাত্র-ছাত্রীরা অভিযোগ জানাতেই পারেন, তবে, এই ধরনের আচরণ কখনোই সমর্থনযোগ্য নয়।

এদিকে, তৃণমূল কংগ্রেস ও বিজেপি নেতামন্ত্রীরা নিরাপত্তা বলয়ে বসে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নানাভাবে হুমকি দিয়ে চলেছেন বলে এস এফ আই-এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে অভিযোগ করেছেন।

বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে পুলিশ বাহিনী প্রবেশ করার তীব্র নিন্দা করেছে অল বেঙ্গল ইউনির্ভার্সিটির টিচার্স অ্যাসোসিয়েশন আবুটা।

অন্যদিকে, অধ্যাপকদের সংগঠন ওয়েবকুপা অভিযোগ করেছে, শুধুমাত্র বিশৃঙ্খলা সৃষ্টি করতেই ছাত্রদের একাংশ গত পয়লা মার্চ বিশ্ববিদ্যালয়ে যায়। তারা মুখে নির্বাচন চেয়ে গণতন্ত্রের কথা বললেও তাদের আচরণ গণতান্ত্রিক ছিল না বলে মন্তব্য করেছেন সংগঠনের সাধারণ সম্পাদক ডক্টর সুতপা সান্যাল।

oooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের নারায়নগড়ে মহিলা বিজেপি কর্মীকে শাসক দলের কার্যালয়ে ধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত তৃণমূলের অঞ্চল সভাপতি এখনও অধরা। দোষীদের শাস্তির দাবিতে গতকাল মেদিনীপুর শহরে জেলাশাসকের অফিসের সামনে বিক্ষোভ দেখায় বিজেপি। এতে সামিল হন, দলের রাজ্য সাধারণ সম্পাদক, বিধায়ক অগ্নিমিত্রা পাল। এই সময় বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি বাধলে শতাধিক বিজেপি কর্মীকা থানায় আটক করে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ।

প্রদেশ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী এই ঘটনার তীব্র নিন্দা করে বলেছেন, নির্যাতিতা অন্য দলের সদস্য ছিলেন বলেন তাঁকে পার্টি অফিসে ডেকে ধর্ষণের যে অভিযোগ উঠেছে, তা অত্যন্ত গুরুতর ।

oooooooooooooooooooooo

শ্বশুরবাড়িতে অগ্নিদগ্ধ হয়ে গৃহবধূর মৃত্যুর ঘটনায় স্বামী, শ্বশুর, শাশুড়ি সহ চারজনের সাত বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছে বর্ধমান আদালত। সাজাপ্রাপ্তদের প্রত্যেককে ৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন মাস কারাবাসের নির্দেশ দেওয়া হয়েছে।

জানা গিয়েছে, মাধবডিহি থানার চকভুড়া গ্রামের বাসিন্দা স্নেহাশিস চন্দ্রের সঙ্গে হুগলির আরামবাগের সতীতলার বাসিন্দা সুচরিতা দাসের বিয়ের পর থেকেই পনের জন্য চাপ দেওয়া হত। ২০১৫ সালের ২৫শে মার্চ সুচরিতা গায়ে আগুন লাগিয়ে আত্মহত্যা করেন সুচরিতা। মামলায় ১১ জনের সাক্ষী গ্রহণ করা হয়।

oooooooooooooooooooooo

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবললে মহামেডান স্পোর্টিং, পাঞ্জাব এফ সি, র মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে। মহামেডান স্পোর্টিং

এর মার্ক আন্দ্রে স্কমারবোক ও রবি হাঁসদা এবং পাঞ্জাব দলের মাইচেনবা ও লুকা মাইচেন গোল করেছেন।

২৪ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে মহামেডান স্পোটিং পয়েন্ট তালিকার সর্ব শেষ ১৩ তম স্থানে আইএসএল শেষ করলো। অষ্টম স্থানে থাকা পাঞ্জাব এফ সি, র সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ২৮ ।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo